

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ১৯, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ১৮ মার্চ, ২০১৫

নং ৪৬.০৪৬.০২৭.০০.০০.০৫২.২০১২-৩০৮—যেহেতু, জনাব ফারুক কবির আহমদ, চেয়ারম্যান, গোবিন্দগঞ্জ উপজেলা পরিষদ, গাইবান্ধা-এর বিরুদ্ধে গোবিন্দগঞ্জ থানার মামলা নং-০৭, তারিখ : ০৬-০১-২০১৪ এবং মামলা নং-৩৮, তারিখ : ০৮-০৪-২০১৪ এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, বিজ্ঞ আদালত কর্তৃক জনাব ফারুক কবির আহমদ, চেয়ারম্যান, গোবিন্দগঞ্জ উপজেলা পরিষদ, গাইবান্ধা-এর বিরুদ্ধে অভিযোগপত্র গৃহীত হওয়ায় তাঁর দ্বারা উপজেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ধারা ১৩(খ) ধারা অনুসারে গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব ফারুক কবির আহমদকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. জুলিয়া মঈন

সিনিয়র সহকারী সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মুহাম্মাদ আল-আমীন (যুগ্মসচিব), উপপরিচালক, অতিরিক্ত দায়িত্ব, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(২৭৬৩)

মূল্য : টাকা ৪.০০